দৈনিক ইনকিলাব

APR 26 1999

তারিখ APR 26 1999
পৃষ্ঠা 77 কলাম 6

ছাত্র দলের কর্মসূচী

# বৃহস্পতিবার সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট

## আজ ঢাকায় বিক্ষোভ

**স্টাফ রিপোর্টার ঃ** গতকাল ঢাকায় প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখী ছাত্র দলের বিক্ষোভ মিছিলে পুলিশ ও আওয়ামী সন্ত্রাসীদের হামলার প্রতিবাদে জাতীয়তাবাদী ছাত্র দল আগামী ২৯ এপ্রিল (বৃহস্পতিবার) সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে সর্বাত্মক ছাত্র ধর্মঘট আহবান করেছে। গতকাল সন্ধ্যায় বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে এক প্রেস ব্রিফিং-এ ছাত্র দল সভাপতি হাবিব-উন-নবী সোহেল ও সাধারণ সম্পাদক নাসিরুদ্দিন পিন্টু এ কর্মসূচী ঘোষণা করে বলেন, ছাত্র দলের শান্তিপূর্ণ কর্মসূচীতে প্রধানমন্ত্রীর এপিএস বাহাউদ্দিন নাসিমের নেতৃত্বে সশস্ত্র আওয়ামী সন্ত্রাসী ও পুলিশ হামলা চালায়। এতে শতাধিক ছাত্র দল নেতা-কর্মী আহত হয় এবং প্রায় ৬০ জনকে পুলিশ গ্রেফতার করেছে। তারা এই ঘটনার নিন্দা জানিয়ে বলেন, সরকার ভীত-সন্ত্রস্ত হয়ে ব্যক্তিগত দলীয় ও রাষ্ট্রীয় সন্ত্রাসীদের জঘন্য কায়দায় ছাত্র দল নেতা-কর্মীদের লেলিয়ে দিয়েছে। তারা বলেন, নির্যাতন করে ক্ষমতায় টিকে থাকা যাবে না। প্রতিবাদী ছাত্র সমাজ দুঃশাসনের বিরুদ্ধে রাজপথে আবার গর্জে উঠেছে। এই ফ্যাসিবাদী দুঃশাসনের পতন ঘটিয়েই ছাত্র সমাজ ঘরে ফিরবে। তারা ছাত্র দলের মিছিলে হামলাকারী সন্ত্রাসী ও পুলিশের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করেন। ছাত্র দল নেতৃবৃন্দ হামলার প্রতিবাদে অজ (সোমবার) বিকেল ৪টায় রাজধানীর মুক্তাঙ্গন থেকে বিক্ষোভ মিছিল এবং বুধবার দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানে বিক্ষোভ মিছিল ও সমাবেশের কর্মসূচী ঘোষণা করেন।

এদিকে বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক আমানউল্লাহ আমান এমপি এক বিবৃতিতে প্রধানমন্ত্রীর কার্যালয় অভিমুখী বিক্ষোভ মিছিলে আওয়ামী সন্ত্রাসী প্রধানমন্ত্রীর ব্যক্তিগত সহকারী বাহাউদ্দিন নাসিম ও মুক্তাদির চৌধুরীর নেতৃত্বে আওয়ামী ছাত্র লীগের সন্ত্রাসীদের হামলার নিন্দা জানিয়ে অবিলম্বে দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করে গ্রেফতারকৃত সকল ছাত্র দল নেতা-কর্মীর নিঃশর্ত মুক্তি দাবী করেছেন। জনাব আমান বলেন, পাক হানাদার বাহিনীর ন্যায় আওয়ামী সন্ত্রাসীরা ছাত্র দলের সাধারণ ছাত্রদের উপর নির্যাতন চালায়। শতাধিক কর্মী আহত হয়। ৩০ জনের অধিক ছাত্র দল নেতা-কর্মী আজ মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে। এই বর্বরতাকে কালো অধ্যায় হিসেবে আখ্যায়িত করে জনাব আমান বলেন, ইয়াহিয়া, আইয়ুব খান, শেখ মুজিব, যেমন অত্যাচার করে ক্ষমতায় টিকে থাকতে পারেনি শেখ হাসিনাও তার নিশ্চিত পতন ঠেকাতে পারবে- না।